

ক্ষমতাবীন

(The Notion of Having power is meaningless)

আমার ক্ষমতা আছে, আমি আজ সোজাকে বেঁকিয়ে
আরো সোজা করে দিতে পারি, কিম্বা কাতর পৃথিবী
একদিকে ঠেলে দিয়ে লাফ দিতে পাতরি বেশ চোদ্দ মিটারের,

মিটার রিডিং আমি ঘেঁটে দিতে পারি, আমি এত শক্তিমান।
ফোন তুলে কাউকে না কাউকে বললেই হয়ে যাবে---
আমার ক্ষমতা আছে। পুরোটাকে দেখাচ্ছি না অবশ্য এখন
পরেও দেখাতে পারি... তুমিও তো জানো সেটা আর ভয়ে
কেঁচো থাকো, কার্পেটের তলে ঢুকে যাও....

বাংলায় মিটার মানে ছন্দ, আমি ছন্দ বাঁকানোর
ওস্তাদ, কথক, খুড়ো, বাপ।
আমার ক্ষমতা আছে, আমি ঠিক পারি
অক্ষরবৃত্তের আর মাত্রাবৃত্তের মাঝে স রাস্তা দিয়ে
হেঁটে যেতে। কোথাও ঝুলি না।
পর্বে পর্বে রেখে যাই নিজস্ব ক্ষমতাদাহ, জ্বালানি, ইন্ধন...

আমার ক্ষমতা আছে, আমার ক্ষমতা আছে। এত করে বলি
তবু কেন নিজেকেউ ঠিকমত বিশ্বাস করাতে পারিনা ?

যশোধর রায়চৌধুরী

